

কাউন্সিল গঠন, ইত্যাদি। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে কাউন্সিল গঠিত হইবে, যথা :

- (ক) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর;
- (খ) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর;
- (গ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত অন্যন্য যুগ্মসচিব পদমর্যাদার ১(এক) জন প্রতিনিধি;
- (ঘ) প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক মনোনীত উক্ত অধিদপ্তরে কর্মরত ১ (এক) জন জ্যোষ্ঠ ভেটেরিনারিয়ান;
- (ঙ) ডিন, ভেটেরিনারি বিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়;
- (চ) ডিন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়;
- (ছ) (ঙ) ও (চ) এ বর্ণিত বিশ্ববিদ্যালয় ব্যতীত ভেটেরিনারি বিষয়ে পাঠদানকারী অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের ডিনদের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত ২ (দুই) জন নিবন্ধিত ভেটেরিনারিয়ান;
- (জ) বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল কর্তৃক মনোনীত ১ (এক) জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল;
- (ঝ) প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ভেটেরিনারি বিষয়ে স্বীকৃত যোগ্যতাসম্পন্ন প্রতিরক্ষা বাহিনীর রিমাউন্ট ভেটেরিনারি এন্ড ফার্ম কোরের ১ (এক) জন সদস্য;
- (ঝঃ) সভাপতি, বাংলাদেশ ভেটেরিনারি এসোসিয়েশন;
- (ট) ভেটেরিনারি প্র্যাকটিশনারগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত ২ (দুই) জন ভেটেরিনারি প্র্যাকটিশনার, তন্মধ্যে ১ (এক) জন মহিলা হইবেন;
- (ঠ) বাংলাদেশের প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে নির্ধারিত উপায়ে নির্বাচিত ১ (এক) জন করিয়া নিবন্ধিত ভেটেরিনারি প্র্যাকটিশনার; এবং
- (ড) রেজিস্ট্রার, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।